দৈনিক ইত্তেফাক

তারিখ 16 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুষদের অধীন ‘গ’ ইউনিটের প্রথমবর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৫৩টি কেন্দ্রে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এসময় ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ বছর গ-ইউনিটে এক হাজার ২৫০টি আসনের বিপরীতে মোট ২৯ হাজার ৩১১ জন ভর্তিচ্ছু ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।